

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
 ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
 ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) (ই/এস)  
 প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১  
 ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্ষ্বাটন গার্ডেন, ঢাকা-১০০০।  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.১০১.৫০.০৫৫.১৯- ৬২৬

তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০১৯

### ১৯.০৯.২০১৯ তারিখ অনুষ্ঠিত ইনোডেশন টিমের সভার কার্যবিবরণী:

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু হয়। সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক এ সংযুক্ত করা হলো।

#### আলোচ্যসূচি-১: উন্নাবনী উদ্যোগ যাচাই-বাচাই

২০১৯-২০২০ সালের জন্য প্রণীত বার্ষিক উন্নাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ডিএমটিসিএল এর কর্মকর্তাগণের নিকট হতে উন্নাবনী আইডিয়া আহবান করা হয়েছিল। ৫ জন কর্মকর্তার কাছ থেকে উন্নাবনী ধারণা পাওয়া গেছে। প্রাপ্ত উন্নাবনী ধারণাসমূহের সারসংক্ষেপ নিম্নের ছকে দেয়া হলো:

ক্রমিক সংখ্যা	উন্নাবনী উদ্যোগ/ ধারণার নাম	উন্নাবকের নাম ও ঠিকানা
১.	এমআরটি লাইন-৬ এর পিলারসমূহে সৌন্দর্যবর্ধন ও আশেপাশের পরিবেশ উন্নয়নের জন্য ভার্টিক্যাল গার্ডেনিং কার্যক্রম গ্রহণ	মোঃ সারওয়ার উদ্দীন খান (উপসচিব) প্রকল্প ব্যবস্থাপক-২ ডিএমআরটিডিপি, লাইন-৬
২.	মেট্রোরেলের র্যাপিড পাস, টোকেন বা টিকিট ক্রয়ের ক্ষেত্রে টাকার পাশাপাশি প্লাস্টিক পণ্য জমা দানের সুযোগ রাখা।	মোঃ নাজমুল আলম, সহকারী প্রকৌশলী (যন্ত্রকৌশল), ডিএমআরটিডিপি লাইন-৬
৩.	মেট্রো স্টেশনগুলোতে মোবাইল অ্যাপভিনিক ই-বাইসাইকেল সেবা চালু	
৪.	মেট্রোরেলের পিলারগুলোতে সৌন্দর্যবর্ধনের জন্য vertical garden ও LED billboard স্থাপন	শাহরিয়ার কবির সহকারী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল) ডিএমআরটিডিপি লাইন-৬
৫.	যাত্রীসেবার জন্য মোবাইল অ্যাপ চালু	
৬.	ইলেক্ট্রনিক নোটিশ বোর্ড স্থাপন	খালিদ সাইফুল্লাহ সরদার উপপ্রকল্প ব্যবস্থাপক, সিপি-০৫, ডিএমআরটিডিপি লাইন-৬
৭.	ডিজিটাল হাজিরা চালুকরণ	আশরাফুর রহমান প্রকল্প ব্যবস্থাপক ল্যান্ড একুইজিশন এন্ড রিসেটেলমেন্ট ডিএমআরটিডিপি লাইন-১
৮.	ডেঙ্গু প্রতিরোধকল্পে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এডিস মশার বৎসরূপি রোধ	শান্তি মনি চাকমা উপ প্রকল্প পরিচালক (ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন) ডিএমআরটিডিপি লাইন-৬

যাচাই-বাছাইয়ের জন্য প্রাপ্ত উত্তাবনী ধারণাগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, ক্রমিক ১ এবং ক্রমিক ৪ এর উত্তাবনী ধারণাদ্বয় মেট্রোরেলের নির্মাণ কাজ শেষ হওয়ার পরে বাস্তবায়নযোগ্য। অপরদিকে ক্রমিক ২, ক্রমিক ৩ ও ক্রমিক ৫ এর উত্তাবনী ধারণাগুলো মেট্রোরেল চালু হওয়ার সাথে সম্পর্কযুক্ত। ক্রমিক ৬, ক্রমিক ৭ এবং ক্রমিক ৮ এর ধারণা তিনটি বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা ও পর্যালোচনা শেষে ক্রমিক ৮ এর ধারণাটি সময়োপযোগী, বাস্তবায়নযোগ্য ও জনস্বার্থে বিশেষ ভূমিকা রাখতে পারবে মর্মে সভায় উপস্থিত সকল সদস্য উক্ত উত্তাবনী ধারণাটি পাইলটিং করার লক্ষ্যে তালিকাবদ্ধ করার বিষয়ে একমত পোষণ করেন।


**সিদ্ধান্ত:** “ডেঙ্গু প্রতিরোধকল্পে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এডিস মশার বংশবৃক্ষি রোধ” শীর্ষক উত্তাবনী ধারণাটি তালিকাবদ্ধ করে তথ্য বাতায়নে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

#### আলোচ্যসূচি-২: বার্ষিক উত্তাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা;

২০১৯-২০২০ সালের উত্তাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ডিএমটিসিএল-এর তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। কর্মপরিকল্পনার ৩ টি সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। অবশিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার উপর গুরুত্ব আরো করা হয়।

**সিদ্ধান্ত:** অবশিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মো: রাকিব উদ্দিন)  
 ইনোভেশন অফিসার  
 ও

প্রকল্প ব্যবস্থাপক (এসএন্ডটি)  
 ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট  
 (লাইন-১) [ই/এস]  
 মোবাইল: ০১৭১১৫০০৮০১  
 ইমেইল: mrakib\_07@yahoo.com

স্মারক নম্বরঃ ৩৫.০৫.০০০০.১০১.৫০.০৫৫.১৯- ৬২৮

তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০১৯

#### বিতরণ (জ্যোতিতার ক্রমানুসারে নয়):

১. জনাব মোঃ সারওয়ার উদ্দিন খান, প্রকল্প ব্যবস্থাপক-২, ডিএমআরটিডিপি (লাইন-৬)
২. জনাব খালিদ সাইফুল্লাহ সরদার, উপ-প্রকল্প ব্যবস্থাপক(সিপি-০৫), এমআরটি (লাইন-৬)
৩. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৪. জনাব মোঃ জুয়েল শিকদার, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৫. জনাব মোঃ উজ্জল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৬. জনাব মোঃ শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

#### অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)
২. প্রকল্প পরিচালক, ডিএমআরটিডিপি (লাইন-৬)/(লাইন-১)(ই/এস)